মুজিবনগরে পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযান

মুজিবর্ষকে সামনে রেখে ‘পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর’ কার্যক্রম বাস্তবায়নের লক্ষে পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

বৃহস্প্রতিবার সকালে উপজেলা নির্বাহী অফাসার উসমান গনীর নেতৃত্বে মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এ অভিযান চালানো হয়।

এ সময় কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক, সাধারন সম্পাদক হেকমত আলী, মুজিবনগর উপজেলা পল্লি বিদ্যুৎ সমিতির চেয়ারম্যান রেজাউল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

এ সময় বাজারের বিভিন্ন আঙিনায় সকল ময়লা আবর্জনা পরিষ্কার করা হয় এবং ময়লা আবর্জনা একটি নির্দিষ্ট স্থানে ফেলার জন্য বাজারের বিভিন্ন স্থানে ১০ টি ডাস্টবিন বসানো হয়।

বাগোয়ান ইউনিয়ন তাঁতীলীগের আহবায়ক কমিটি ঘোষনা

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন তাঁতীলীগের আহবায়ক কমিটি ঘোষনা করেছে মেহেরপুর জেলা কমিটি।

জেলা তাঁতীলীগের আহবায়ক নুর ইসলাম ও সদস্য সচিব জুয়েল রানা সাক্ষরিত এক বিঙ্গপ্তির মাধ্যেমে ৩ মাসের জন্য এ কমিটির ঘোষনা দেন। কমিটিতে জেলা পরিষদের সদস্য শাহীন উদ্দীনকে আহব্বায়ক ও রেজাউল হককে যুগ্ম আহব্বায়ক করে ৪১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

এর আগে একই মঞ্চে কমিটি গঠন ও বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ পূর্তি

উপলক্ষে আলোচনাসভা অনুষ্ঠিত হয়। মুজিবনগর উপজেলা তাঁতীলীগের আয়োজনে রাজধানী পিকনিক কর্নারে বুধবার বিকালে কমিটি গঠন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা তাঁতীলীগের আহবায়ক নুর ইসলাম।

মুজিবনগর উপজেলা তাঁতীলীগের আহবায়ক প্রবীর শেখ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর থানা তাঁতীলীগের আহবায়ক মাহ্ফুজুর রহমান,মুজিবনগর উপজেলা তাঁতীলীগের যুগ্ম আহবায়ক আশাদুল হক বীর।

মুজিবনগর উপজেলা তাঁতীলীগের সদস্য সচিব আঙ্গুর গাজীর সঞ্চলনায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন জেলা তাঁতীলীগের সদস্য সচিব জুয়েল রানা। এর আগে সকল অতিথি বৃন্দকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

মুজিবনগরে যুব মহিলা লীগের উঠান বৈঠক

সরকারের সাফল্য ও জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা পৌঁছে দিতে বাংলাদেশ যুব মহিলা লীগ মেহেরপুর জেলা শাখার আয়োজনে মুজিবনগর উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকালে মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের শিবপুর গ্রামে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

উক্ত উঠান বৈঠকে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুব মহিলা লীগের কার্যনির্বাহী কমিটির অন্যতম সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী পত্নী সৈয়দা মোনালিসা ইসলাম।

মোনাখালী ইউনিয়ন যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক মরিয়ম খাতুনের সভিপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বাশিরা পলী, সাধারণ সম্পাদক রুতশোভা মন্ডল।

এ সময় বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তোকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, মোনাখালী ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি শিমুল রেজা প্রমুখ।

মেপ্র/আরপি

মুজিবনগরে ‘গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ’ শীর্ষক মহিলা সমাবেশ

মেহেরপুরের মুজিবনগরে ‘গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ’ প্রকল্পের আওতায় মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টার দিকে উপজেলার গৌরিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় হলরুমে এ সমাবেশের আয়োজন জেলা তথ্য অফিস।

জেলা তথ্য অফিসার এলিন সাঈদ-উর রহমানের সভাপতিত্বে মহিলা সমাবেশে প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ উসমান গনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা কর্মকর্তা বেলায়েত হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোঃ তাজুল ইসলা।

সমাবেশে প্রধান অতিথি উসমান গনি বলেন “উন্নয়নের সাথে সাথে মানুষের জীবন যাত্রার মানও উন্নত হচ্ছে। এখন মানুষের ঘরে ঘরে বিদ্যুৎ, হাড়ির পরিবর্তে গ্রামের নারীরাও এখন প্রেসার কুকার, রাইচ কুকার ব্যবহার করছেন। এভাবে প্রতিটা ব্যক্তিগত উন্নয়নের সাথে সাথে দেশের সামগ্রিক উন্নয়ন হচ্ছে”।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন আলাউদ্দীন, উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তিা আলাউদ্দিন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ

শামারুল ইসলাম , অন্যান্য শিক্ষক, শিক্ষিকাবৃন্দ। সমাবেশে এলাকার মহিলা অংশ নেন।

জনপ্রশাসন প্রতিমন্ত্রীকে কটুক্তি করায় মুজিবনগরে বিক্ষোভ

জনপ্রশাসন মন্ত্রালয়ের প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি অধ্যাপক ফরহাদ হোসেন এমপিকে নিয়ে কটুক্তি,মিথ্যা ও বিভ্রান্তমূলক বক্তব্য দেওয়ার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ।

বৃহস্প্রতিবার বিকালে এ উপলক্ষে কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিবাদ সভায় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর সভাপতিত্বে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক কামরুল হাসান চাদু,মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ,

দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ানম্যান তৌফিকুল বারী বকুল, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিন হক খোকন,সাধারন সম্পাদক মঈনুল হাসান,মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক মনিরুজ্জামান টিটু,

মুজিবনগর উপজেলা যুবমহিলালীগের সভাপতি তোকলিমা খাতুন,সাধারন সম্পাদক তহমিনা খাতুন,জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন লাভলু, সাধারন সম্পাদক শেখ সাকিব, মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি সাহওলিউল্লাহ সোহাগ।

প্রতিবাদ সভা শেষে আমাম হোসেন মিলুর নেতৃত্বে এক বিক্ষোভ মিছিল

বের করা হয়।বিক্ষোভ মিছিলটি কেদারগন্জ বাজার থেকে শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে। এ সময় উপজেলা আওয়ামীলীগের বিভিন্ন নেতাকর্মিরা উক্ত বিক্ষোভ মিছিলে অংশ নেন।

মেপ্র/আজেএম

মুজিবনগরে কলকাতার ২০ সাইকেল আরোহী

সাইকেল চালিয়ে সীমান্ত পেরিয়ে ২০ সদস্যের দল কলকাতা থেকে এখন বাংলাদেশে। উদ্দেশ্য, ২১ শে ফেব্রয়ারী প্রভাত ফেরিতে অংশ নেওয়া। আর এ জন্য তাদের সাড়ে ৫০০ কিলোমিটার পাড়ি দিতে হবে। দর্শনা সীমান্ত হয়ে গত রবিবার সন্ধায় মেহেরপুর মুজিবনগর পৌছায় এই প্রতিনিধি দল।

বাংলা ভাষার বিকৃতি ঠেকানো, ভাষার শুদ্ধতা, মর্যাদা সকলের মাঝে ছড়িয়ে দেওয়ার জন্য ওপার বাংলার কলকাতা থেকে আসা “ভাষার সূত্র” নামের সংগঠনের। গত রবিবার কলকাতা প্রেসক্লাবের সামনে থেকে সাইকেল শোভাযাত্রা শুরু করে। ২০১২ সাল থেকে বাংলা ভাষার বিকৃতি ঠেকানোর জন্য প্রতিবছর এ শোভাযাত্রা করেন তারা।

গতকাল সোমবার সকালে তারা মুজিবনগর দিয়ে শুরু করে মেহেরপুরের বিভন্ন যায়গা ঘুরে কুষ্টিয়ার উদ্দেশ্যে যাত্রা শুরু করে।

ভাষার সূত্র সংগঠনের দলনেতা বিপ্লব কুমার দত্ত বলেন, বাংলা শুধু কাটাতারের মধ্যেই বিভক্ত। ভাষা ও সংস্কৃতিতে আত্মার আত্মীয়। কাটাতারের বেড়াকে তারা ছিন্ন করে দুই বাংলাকে মেলবন্ধন ঘটাতে চান। বাংলা ভাষার জন্য যারা রক্ত দিয়েছন তাদের প্রতি শ্রদ্ধা

জানাতে এই সাইকেল শোভাযাত্রা।

আরেক সদস্য স্বরস্বতী রায় বলেন, বাংলা ভাষার যে উৎপত্তি, বাংলা ভাষার যে প্রয়োগ, যে ব্যাখা সেটি অন্যান্য ভাষা থেকে হাজার গুণে সমৃদ্ধ। একমাত্র ভাষা বাংলা যার জন্য বিশ্বের বুকে বাঙালি জাতিকে রক্ত দিতে হয়েছে।

১৯৯৯ সালে ইউনেস্কো শুধুশুধুই বাংলাকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়নি। শুধু সংখ্যা ও গুণগত মান বিচার করে নয়, বাংলা ভাষা সবদিক থেকে সমৃদ্ধ। বাঙালি জাতি, বাংলা ভাষার চেতনা, বাংলা ভাষায় উদ্বৃত্ত হওয়া এবং মানুষকে সেগুলো জানানো।

সদস্য তপন কুমার রায় বলেন, বাংলা কখনও হয় না ভাগ, বাংলা ভাষায় আমরা এক। দুটো দেশের ভাষা এক সুতরাং আমরা কোন আলাদা জাতি নয়।

সদস্য সুদিপ্ত পাল বলেন, বাংলা ভাষার সুমহান ঐতিহ্য বাংলাদেশ বহন করছে। বাংলাদেশ একটি পবিত্র ভূমি যেখানে ভাষার জন্য মানুষ শহীদ হয়েছেন। ভাষা আন্দোলনকে কেন্দ্র করে একটি নতুন স্বাধীন রাষ্ট্রের জন্মহয়েছিল। এ জন্য আমরা অত্যান্ত গর্ব বোধ করি। ২১ শে ফেব্রুয়ারী শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানানোর জন্য সাইকেল শোভাযাত্রাটি কলকাতা প্রেসক্লাব থেকে আরম্ভ করে দর্শনা, মুজিবনগর, কুষ্টিয়া, রাজবাড়ি, মানিকগঞ্জ হয়ে শহীদ মিনারে পৌছাবেন।
এ বছরের শোভাযাত্রাটি বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে উৎসর্গ করেছেন তারা।

মেপ্র/ইএম

মুজিবনগরে ৩০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী আটক

মুজিবনগরে ৩০ বোতল ফেনসিডিলসহ রাসেল উদ্দীন নামের(১৭) নামের একজন মাদক ব্যাবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার দুপুর ১টা ৩০মিনিটের সময় মুজিবনগর উপজেলার দারিয়াপুর বাজারের সামনে থেকে তাকে আটক করা হয়।

আটককৃত আসামী মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের নবীনগর খালপাড়ার শহিদুল ইসলামের ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে, আসামি ফেনসিডিল বিক্রির উদ্যেশে সাইকেলযোগে মুজিবনগরের দিকে আসছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমের নেতৃত্বে এসআই জিয়াউর রহমান ও এএসআই ইলিয়াস কৃষকবেশে দারিয়াপুর বাজারে অভিযান চালায়। এমন সময় আসামিকে দারিয়াপুর বাজার পার হতে দেখা যায়। পরে সন্দেহজনক ভাবে তার কাছে গিয়ে বস্তার ভিতর ৩০ বোতল ফেনসিডিল পাওয়া যায়। পরে আসামীকে মুজিবনগর থানায় নিয়ে আসা হয়। আসামির বিরুদ্ধে মুজিবনগর থানায় মামলার প্রস্তুতি চলছে জানিয়েছে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম।

মেপ্র/ইএম

মেহেরপুরে ষাটোর্ধ্ব মানুষের মিলন মেলা

মেহেরপুরের মুজিবনগর আম্রকাননে শুক্রবার দুই শতাধিক ষাটোর্ধ্ব বন্ধুদের মিলন মেলা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল থেকে ষাটোর্ধ্ব মানুষ মুজিবনগর আম্রকাননে জমায়েত হয়।

মিলন মেলায় আরেফিন বকুলের সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, তাহেরুল ইসলাম, শামীম হোসেন, বড় কালু, শংকর বিশ্বাস ও আতিয়ার রহমান ।

মিলন মেলার উদ্যোক্তা ফখরুল হোসেন জানান, মেহেরপুর জেলার দু‘শতাধিক ষাটোর্ধ্ব মানুষ এবারের মিলন মেলায় অংশগ্রহণ করেছে। বৃদ্ধদের সমস্যা চিহ্নিত করে তাদের জন্য বিনোদন পার্ক স্থাপন,

আশ্রম তৈরি পরিকল্পনা নেয়া হয়েছে।

শারীরিক প্রতিবন্ধী জালাল উদ্দীন জানান, সমবয়সীদের সঙ্গে বছরে একদিন মিলিত হতে পেরে ভালো লাগছে। তিনি আরও জানান, মেলার আর্থিক ব্যয়ভার মেটাতে সামর্থ্য অনুযায়ী সহযোগিতা করে সমবয়সী সামর্থবান বন্ধুরা।

১৯৮৮ সালে ১৯৭৭ ও ১৯৭৮ সালের এসএসসি বন্ধুরা মিলে প্রথম বন্ধ’ পুনর্মিলনের আযোজন করা হয়। সেই থেকে শ্রমিক, সরকারি কর্মকর্তা কর্মচারি, পেশাজীবী ব্যবসায়ী, সাংবাদিক, জন প্রতিনিধি বন্ধুরা প্রতিবছর ফেব্রয়ারি মাসের ২য় শুক্রবার মিলিত হয়ে আসছে ।

মেপ্র/ইএম

মুজিবনগরে গাঁজা রাখার অপরাধে এক ব্যাক্তির জেল

মুজিবনগর গাঁজা রাখার অপরাধে নাসির উদ্দীন (৪০) নামের এক ব্যক্তিকে কারাদণ্ড দিয়েছে ভ্রাম্মমান আদালত।

বৃহস্প্রতিবার সকালের দিকে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে নাসির উদ্দীনকে ত মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা জরিমানা করা হয়। নাসির উদ্দীন মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের সামসুল সেখ এর ছেলে।

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ ওসমান গনি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এর আগে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে পুরন্দরপুর গ্রামের নাসির উদ্দীনের নিজ বাড়ি থেকে ৫০ গ্রাম গাঁজাসহ তাকে আটক করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালত বসানো হয়।

মাতৃভাষা দিবস পালনে মুজিবনগর উপজেলা প্রশাসনের প্রস্তুতি সভা

২১ ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন।
বৃহস্প্রতিবার সকাল সাড়ে এগারোটার দিকে উপজেলা পরিষদ মিলনয়াতনে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর সভাপতিত্বে এ সময় উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান,মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু,বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউপি চেয়ারমান মফিজুর রহমান মফিজসহ উপজেলা পরিষদের সকল কর্মকর্তাবৃন্দ,রাজনৈতিক নেতৃবৃন্দ ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

আরো পড়ুন-দেশের বাজারে ৫৫৯৯৯ টাকায় স্যামসাং গ্যালাক্সি নোট টেন লাইট